গাংনী রংমহল সীমান্তে গাঁজাসহ মাদক পাচারকারী আটক

মেহেরপুরের গাংনী উপজেলার রংমহল সীমান্তে ১৬ কেজি গাঁজাসহ নজরুল শেখ নামের এক মাদক পাচারকারীকে আটক করেছে বিজিবি।

শনিবার ভোররাতে সীমান্তবর্তী খাস মহলের মাঠ থেকে তাকে আটক করা হয়। আটককৃত নজরুল শেখ খাস মহল গ্রামের মৃত হুজুর শেখের ছেলে। এসময় গাজা মালিক আশরাফুল ও মিশকাত পালিয়ে যায়।

৪৭ বিজিবি ক্যাম্প কমান্ডার, সেলিম ভূঁইয়া জানান,শনিবার ভোররাতে ভারতীয় সীমান্ত রংমহল খাস মহল মাঠ দিয়ে কয়েকজন মাদক পাচারকারী মাদক নিয়ে আসছে।

এমন গোপন সংবাদের ভিত্তিতে ক্যাম্প কমান্ডার সঙ্গীয় সদস্য নিয়ে অভিযান চালালে খাসমহল গ্রামের সাকিমুদ্দিন এর ছেলে মিশকাত ও কালামের ছেলে আশরাফুল গাঁজা ফেলে পালিয়ে যায়। এসময় ভ্যানচালক নজরুল শেখকে আটক করতে সক্ষম হয় বিজিবি সদস্যরা।

নজরুলের ভ্যান থেকে বস্তাভর্তি ১৬ কেজি গাঁজা উদ্ধার করা হয়।

শনিবার বেলা দশটার দিকে গাজা বহনকারী নজরুল শেখ কে গাংনী থানায় সোপর্দ করা হয়েছে।

গাংনী থানার ডিউটি অফিসার এসআই জহির উদ্দিন জানান, গাঁজাসহ আটককৃত নজরুল শেখ কে মামলার আলামত সহ আদালতে প্রেরণ করা হয়েছে।

গাংনীর বি এন কলেজের সাবেক অধ্যক্ষ’র বিরুদ্ধে উপবৃত্তির

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

সাহারবাটিতে বাড়ির আঙ্গিনায় সবজি চাষ প্রশিক্ষণ অনুষ্ঠিত

‘বাড়ির আঙ্গিনায় করলে চাষ, মিলবে টাটকা সবজি বারো মাস’ এই প্রতিপাদ্যকে সামনে রেখে মেহেরপুরের গাংনী উপজেলার সবজি ভান্ডার নামে খ্যাত সাহারবাটিতে বাড়ির আঙ্গিনায় সবজি চাষ প্রশিক্ষণ ‘ অনুষ্ঠিত হয়েছে।
বৃহস্পতিবার সাহারবাটির চারচারা ফিল্ড পাড়ায় ‘গ্রাম উন্নয়ন দলের’ আয়োজনে ও দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশের সহযোগিতায় এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।
প্রশিক্ষণে ১৫ টি দরিদ্র পরিবারের ১৫ জন নারীকে বাড়ির আঙ্গিনায় কিভাবে বৈজ্ঞানিক উপায়ে, সহজভাবে, কীটনাশক মুক্ত, রোগমুক্ত, বিভিন্নরকম রোগ প্রতিরোধে করনীয়, পুষ্টিগুন সম্পন্ন সবজী উৎপাদন ও কম জায়গায় সল্প পরিসরে সবজি উৎপাদন এবং পরবর্তীতে বীজ সংরক্ষণ করা যায় সে ব্যাপারে পরামর্শ দেওয়া হয়।
হাঙ্গার প্রজেক্টের সহসভাপতি ও ভিডিটি নারী নেত্রী স্বপ্না খাতুনের সভাপতিত্বে প্রশিক্ষণ পরিচালনা করেন উপ-সহকারি কৃষি কর্মকর্তা মো: শাহীন রেজা জুয়েল।
প্রশিক্ষণ শেষে অংশগ্রহনকারীদের মাঝে সবজী প্লান্ট তৈরির লক্ষ্যে বীজ (মিষ্টি কুমড়া,লাল শাক,কলমি শাক,ঢেড়স,ঝিংগা ও বরবটি) বিতরণ করা হয়।

গাংনীতে প্রবাসির স্ত্রীকে ধর্ষন, গ্রেপ্তার-৩

মেহেরপুরের গাংনী উপজেলার জালশুকা গ্রামে এক প্রবাসির স্ত্রীকে ধর্ষনের অভিযোগে ৩ জনকে গ্রেপ্তার করেছে পুলিশ।

বৃহষ্পতিবার সকালে তাদেরকে গ্রেপ্তার করা হয়। এরা হচ্ছে-চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলার নান্দবার গ্রামের কাবের আলীর ছেলে আফাঙ্গির আলম (২৮), জহুরুল ইসলামের ছেলে আকরামুল(১৮) ও মিজানুর রহমানের ছেলে জামাল(২০)।

ধর্ষিতা গৃহবধুকে ডাক্তারী পরীক্ষার জন্য মেহেরপুর জেনারেল হাসপাতাল ও গ্রেপ্তারকৃতদেরকে আদালতে প্রেরণ করা হয়েছে।

গাংনী থানার ইন্সপেক্টর (তদন্ত) সাজেদুল ইসলাম জানান, আফাঙ্গির আলম মোবাইল ফোনে ওই গৃহবধুর সাথে সম্পর্ক গড়ে তোলে।

বুধবার রাতে সে তার দুই সহযোগি আকরামুল ও জামালকে সাথে নিয়ে গৃহবধুর বাড়িতে এসে তাকে ধর্ষণ করে ভ্যানযোগে পালানোর চেষ্টা করে। এসময় স্থানীয় লোকজন তাদেরকে আটক করে পুলিশে খবর দেয়।

পুলিশের একটি টিম ঘটনাস্থলে গিয়ে ওই গৃহবধুসহ চারজনকে থানায় নিয়ে জিজ্ঞাসাবাদ করে। আফাঙ্গির ধর্ষনের কথা স্বীকার করে ও তাকে সহযোগিতা করেছে দুই বন্ধু আকরামুল ও জামাল।

পুলিশ আফাঙ্গির আলমের নামে ধর্ষন ও আকরামুল ও জামালকে ধর্ষনের সহযোগি হিসেবে মামলা দিয়ে মেহেরপুর আদালতে প্রেরণ করে।

গাংনীতে রাস্তা পাঁকা করণের দাবীতে এলাকা বাসির মানববন্ধন

সড়কে ধান লাগিয়ে প্রতিবাদ ও সড়ক পাঁকা করণের দাবীতে মানববন্ধন করেছে গাংনী উপজেলার ধানখোলা গ্রামের বাগান পাড়ার বাসিন্দারা।

আজ বৃহষ্পতিবার সকালে গ্রামের নারী পুরুষেরা এ প্রতিবাদ ও মানব বন্ধনের আয়োজন করেন।

মানব বন্ধনে বক্তারা জানান, স্বাধীনতা পরবর্তী সময়ে গ্রামের মানুষের চলাচল ও ফসল ঘরে নিয়ে আসার একমাত্র রাস্তাটি দীর্ঘদিন সংস্কার করা হয়নি। সড়কের আইডি না থাকায় রাস্তাটি পাঁকা করণের

উদ্যোগও নেয়া হয়নি। ফলে বর্ষা মৌসুমে মানুষের চলাচল ও মাঠের ফসল ঘরে তুলতে বেশ কষ্ট পেতে হয়।

এদিকে স্থানীয় চেয়ারম্যানের কোন উদ্যোগ নেই মর্মে অভিযোগ এনে সড়কে ধান রোপন করে প্রতিবাদও জানান তারা।

ধানখোলা ইউপি চেয়ারম্যান আখেরুজ্জামান বলেন, রাস্তাটি পাকা করনের জন্য আমি অনেক তদবির করেছি। আইডি না থাকায় এলাকাবাসির দাবী পুরন করা সম্ভব হয়নি। তবে আমাদের তদবির অব্যাহত রয়েছে।

গাংনীতে জমি সংক্রান্ত বিরোধে ছোট ভাইয়ের হামলায় বড় ভাইসহ দু’ভাতিজা জখম

মেহেরপুরের গাংনীর নওদাপাড়া গ্রামে জমি ভাগাভাগি নিয়ে বিরোধে ছোট ভাইয়ের হামলায় বড় ভাইসহ দুই ভাতিজাকে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে আহত করেছে আপন ছোট ভাই। বৃহস্পতিবার সকাল ৯ টার দিকে এ ঘটনা ঘটে।

আহতরা হলেন,গাংনী উপজেলার কাজিপুর ইউনিয়নের নওদাপাড়া গ্রামের জাহাবকসের ছেলে ইমদাদুল হক(৫০),ইমদাদুলের বড় ছেলে মিলন হোসেন(৩০) ছোট ছেলে নিলচাদ(২৫)।

স্থানীয়রা আহতদের উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন। তাদের অবস্থা আশংকা জনক হওয়ায় প্রাথমিক চিকিৎসা দিয়ে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করেন জরুরী বিভাগের দায়িত্বপ্রাপ্ত চিকিৎসক ডাঃ দেবাসিস।

আহতদের পরিবার সুত্রে জানা গেছে, নওদা পাড়া গ্রামের জাহা বকসের দুই ছেলে ইমদাদুল ও ইয়াদুলের সাথে ১০ কাঠা বাড়ির জমি নিয়ে ভাগাভাগি নিয়ে বিরোধ চলে আসছিল। উক্ত জমি জাহাবকসের ছোট ছেলে ইয়াদুল জোর করে বেশি জমি ভোগ দখল করে।

উক্ত জমি সমান অংশে ভাগাভাগির জন্য ইমদাদুল প্রস্তাব দিলে ছোট ভাই ইয়াদুল ও তার ছেলে হিমেল ক্ষিপ্ত হয়ে ধারানো অস্ত্র রামদা দিয়ে ইমদাদুল,মিলন ও নিলচাদকে কুপিয়ে রক্তাক্ত জখম করে।

এব্যপারে হামলাকারি ইয়াদুল ও হিমেলের সাথে যোগাযোগ করার চেষ্টা করা হলে তারা পালাতক থাকায় কথা বলা সম্ভব হয়নি।

গাংনী থানার ওসি মোঃ ওবাইদুর রহমান জানান, ঘটনা স্থলে পুলিশ পাঠানো হয়েছে। লিখিত অভিযোগ পেলে আইনগত ব্যাবস্থা নেয়্ ◌াহবে।

গাংনীতে সাপের কামড়ে স্কুল ছাত্রের মৃত্যু

মেহেরপুরের গাংনীর সহড়াতলা গ্রামে নানা বাড়িতে বেড়াতে গিয়ে সাপের কামড়ে আলালউদ্দিন নামে এক স্কুল ছাত্রের মৃত্যু হয়েছে।

বৃহস্পতিবার সকাল সাড়ে ৮ টার দিকে এ ঘটনা ঘটে। নিহত আলাল উদ্দিন
(১০) গাংনী উপজেলা মটমুড়া ইউনিয়নের কুমারিডাঙ্গা গ্রামের বিল্লাল হোসেনের ছেলে ও স্থানীয় প্রাথমিক বিদ্যালয়ের ৫ম শ্রেনীর ছাত্র।

স্থানীয়রা জানান, বুধবার বিকেলে আলাল উদ্দিন তার নানা সহড়াতলা গ্রামের আব্দুর রশিদের বাড়িতে বেড়াতে যায়। রাতে খাওয়া দাওয়া শেষে একটি ঘরে ঘুমিয়ে পড়ে। রাতের কোনো এক সময় তাকে সাপে কামড় দেয়। সকালে বিষক্রিয়া শুরু হলে পাশ্ববর্তী একটি ওঝাঁ (কবিরাজ) বাড়িতে নেয়ার পথেই আলাল উদ্দিনের মৃত্যু হয়।

স্থানীয় আহার আলি জানান, নানা বাড়িতে বেড়াতে এসে সাপের কামড়ে মৃত্যু হওয়া আলাল উদ্দিনের মরদেহ পরিবারের কাছে পাঠানো হয়েছে।

গাংনী থানার ওসি মোঃ ওবাইদুর রহমান বিষয়টি নিশ্চিত করেছেন।

[redacted] !

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[

বুধবার সকাল ১০ টার সময় গাংনী উপজেলা পরিষদ সভা কক্ষে উপজেলা প্রশাসন ও উপজেলা কৃষি অফিস প্রণোদনা বিতনের আয়োজন করে।

এসময় গাংনী উপজেলা নির্বাহী অফিসার আর এম সেলিম শাহনেওয়াজ, কৃষি কর্মকর্তা কেএম সাহাবুদ্দিন,উপজেলা প্রানী সম্পদ কর্মকর্তা ও এমপি প্রতিনিধি মনিরুজ্জামান আতু উপস্থিত ছিলেন।

প্রণোদনা কর্মসুচীর আওতায় ২০২০-২০২১ অর্থ বছরে মাসকলাই উৎপাদন বৃদ্ধির লক্ষে গাংনী উপজেলার বিভিন্ন গ্রামের প্রান্তিক পর্যায়ের ৭৬০ জন কৃষককে ৫ কেজি বীজ, ১০ কেজি ডিএপি ও ৫ কেজি পটাশ প্রদান করা হয়।